

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭৫.৪৩.০০১.২১.৫৫২

তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০২২

বিষয়ঃ “ইউজিসি স্বর্ণপদক” ২০২০ (শুধুমাত্র পাঠ্যপুস্তক) এর জন্য দরখাস্ত আহ্বান।

জনাব

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, দেশের বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণকে তাঁদের মৌলিক গবেষণামূলক প্রবন্ধ/পাঠ্যপুস্তক/গবেষণামূলক বা পর্যালোচনামূলক পুস্তকের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতি বছর “ইউজিসি স্বর্ণপদক” প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০২০ সালে প্রকাশিত শুধুমাত্র পাঠ্যপুস্তকের জন্য “ইউজিসি স্বর্ণপদক” ২০২০ প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ থেকে নির্ধারিত ছকে পুনরায় দরখাস্ত আহ্বান করা হচ্ছে। অত্রই শিক্ষকগণকে (বাংলা ও ইংরেজিতে) অনধিক ২০০ শব্দের মধ্যে জীবন বৃত্তান্তসহ ০৪ (চার) কপি পুস্তক দরখাস্তের সঙ্গে জমা দিতে হবে। উল্লেখ্য, যৌথ প্রকাশনার ক্ষেত্রে সহলেখকগণের সম্মতি সাপেক্ষে যৌথভাবে দরখাস্ত করতে হবে।

“ইউজিসি স্বর্ণপদক” সংক্রান্ত পুনঃবিজ্ঞপ্তি এতদসঙ্গে সংযুক্ত করা হলো। এসংক্রান্ত নীতিমালা, সম্মতিপত্র ও আবেদনপত্রের ছক ইউজিসির ওয়েব সাইট www.ugc.gov.bd থেকে ডাউনলোড করা যাবে। সংযুক্ত বিজ্ঞাপনটি আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের মধ্যে বহুল প্রচারের জন্য আপনাকে অনুরোধ জানানো হলো।

দরখাস্ত আগামী ২০ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় পৌঁছাতে হবে।

স্বাক্ষরিত/

দেওয়ান গোলাম সারোয়ার

উপ-পরিচালক (সাইন্স এন্ড টেকনোলজি)

ফোন: 58160231

ই-মেইল : dgsugc@ugc.gov.bd

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/২৩(১)/২০২২/২২৪ ৩

তারিখঃ ১১-১০-২০২২

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে)ঃ

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি, ঢাকা।
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল) , শেকৃবি, ঢাকা।
- ৩। পরিচালক (আইসিসি), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবির ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৪। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
- ৫। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকৃবি, ঢাকা।
- ৬। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
- ৭। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
- ৮। সকল নোটিশ বোর্ড, শেকৃবি, ঢাকা।
- ৯। অফিস কপি।

১১.১০.২০২২

(ফারহানা তানিয়া আফরোজ)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি)

শেকৃবি, ঢাকা-১২০৭।



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭



নম্বর ৩৭.০১.০০০০.০৭৫.৪৩.০০১.২১.৫৩৪

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৯

২৮ সেপ্টেম্বর ২০২২

পুন:বিজ্ঞপ্তি

বিষয়: “ইউজিসি স্বর্ণপদক” ২০২০ (শুধুমাত্র পাঠ্যপুস্তক) এর জন্য দরখাস্ত আহ্বান।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রবর্তিত ইউজিসি স্বর্ণপদক ২০২০-এর জন্য নিম্নবর্ণিত শর্তে কমিশনের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

- (১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন;
- (২) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;
- (৩) প্রকাশিত পুস্তক অবশ্যই ২০২০ সালে প্রকাশিত হতে হবে, কোনো পুনঃমুদ্রিত পুস্তক গ্রহণযোগ্য হবে না;
- (৪) একাধিক লেখক হলে যৌথভাবে আবেদন করতে হবে;
- (৫) বাংলা ও ইংরেজিতে (অনধিক ২০০ শব্দ) জীবনবৃত্তান্ত জমা দিতে হবে;
- (৬) প্রকাশিত পুস্তকের ৪ কপি (হার্ডকপি) জমা দিতে হবে;
- (৭) বাংলা ও ইংরেজিতে (অনধিক ২০০ শব্দ) Abstract (সারাংশ) জমা দিতে হবে;
- (৮) পুস্তকের Soft কপি director_research@ugc.gov.bd ঠিকানায় অবশ্যই জমা দিতে হবে;
- (৯) সকল আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২০ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর পৌছাতে হবে;
- (১০) নীতিমালা, সম্মতিপত্রের নমুনা ও আবেদনপত্রের ছক বন্ধনীতে উদ্ধৃত (www.ugc.gov.bd) ইউজিসির ওয়েব সাইটে সম্মাননা সেবাবক্সে “ইউজিসি স্বর্ণপদক”-এ দেয়া আছে।

২৮-৯-২০২২

ড. মোঃ ফখরুল ইসলাম

পরিচালক (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস
বিভাগ)

ফোন: ৫৮১৬০১০৮

ইমেইল:

director_research@ugc.gov.bd